# ২৩তম বিসিএস প্রিলিমিনারি টেস্ট ২০০১

পরীক্ষার তারিখ ২৩.০৩.২০০১, সময় ১ ঘণ্টা; পূর্ণমান ১০০; সেট নম্বর ১

১. কোনো বস্তুর ওজন কোথায় সবচেয়ে বেশি?

ⓚ খনির ভেতর ⓚh পাহাড়ের ওপর ⓖ মেরু অঞ্চলে ⓖh বিষুব অঞ্চলে

(ব্যাখ্যা) একটি বস্তু যে পরিমাণ বল দ্বারা পৃথিবীর কেন্দ্রের দিকে আকৃষ্ট হয় তাকে তার ওজন বা ভর বলে। কোনো বস্তুর ওজন অভিকর্ষজ ত্বরণের ওপর নির্ভরশীল। যে স্থানে অভিকর্ষজ ত্বরণ বেশি সে স্থানে বস্তুর ওজন বেশি। আর যে স্থানে অভিকর্ষজ ত্বরণ কম বস্তুর ওজনও সে স্থানে কম। ভূপৃষ্ঠ থেকে যতই ওপরে বা নিচে যাওয়া যায় ততই g-এর মান কমতে থাকে। সে জন্য পাহাড়ে বা খনির ভেতরে g-এর মান কম। আবার মেরু অঞ্চলে g-এর মান বিষুব অঞ্চলের চেয়ে বেশি। সুতরাং মেরু অঞ্চলে বস্তুর ওজন বেশি।

২. প্রকৃতিতে সবচেয়ে শক্ত পদার্থ কোনটি?

ⓚ পিতল ⓚh হীরা ⓖ ইস্পাত ⓖh গ্রানাইট

(ব্যাখ্যা) প্রকৃতিতে প্রাপ্ত সবচেয়ে কঠিন পদার্থ হীরক। এটি কার্বনের একটি রূপ। এটি কাটতে অসংখ্য সমযোজী বন্ধন ছিন্ন করতে হয় বলে হীরা অত্যন্ত শক্ত। বিশুদ্ধ অবস্থায় হীরক বর্ণহীন।

৩. ক্যাসেটের ফিতার শব্দ রক্ষিত থাকে কি হিসেবে?

ⓚ বৈদ্যুতিক ক্ষেত্র হিসেবে ⓚh মেমোরী চিপ হিসেবে ⓖ চুম্বক ক্ষেত্র হিসেবে ⓖh কার্বন ক্ষেত্র হিসেবে

(ব্যাখ্যা) আয়রন অক্সাইড ও বেরিয়াম অক্সাইডের মিশ্রণে তৈরি ফেরাইট সংকর চুম্বক। এ ফেরাইট চুম্বকে শব্দ রক্ষিত থাকে চুম্বক ক্ষেত্র হিসেবে।

৪. ফারেনহাইট ও সেলসিয়াসের স্কেলে কত ডিগ্রি তাপমাত্রায় সমান তাপমাত্রা নির্দেশ করে?

ⓚ ০° ⓚh ১০০° ⓖ ৪° ⓖh –৪০°

(ব্যাখ্যা) $\frac{C}{5} = \frac{F-32}{9}$

$C = F$ হলে, $\Rightarrow 9C = 5C - 160 \Rightarrow 4C = -160 \therefore C = -40$

৫. অগ্ন্যাশয় থেকে নির্গত চিনির বিপাক নিয়ন্ত্রণকারী হরমোন কোনটি?

ⓚ পেনিসিলিন ⓚh ইনসুলিন ⓖ ফোলিক এসিড ⓖh অ্যামিনো এসিড

(ব্যাখ্যা) অগ্ন্যাশয় মেরুদণ্ডী প্রাণীর দেহের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অঙ্গ। অগ্ন্যাশয় হতে আমিষ, শ্বেতসার ও চর্বি জাতীয় খাদ্য হজমকারী এনজাইম নিঃসৃত হয়। এগুলো খাদ্য পরিপাকে সহায়তা করে। অগ্ন্যাশয়ের আইলেটস অব ল্যাঙ্গার হানস হতে গ্লুকাগন ও ইনসুলিন নিঃসৃত হয়। ইনসুলিন হরমোনের অভাবে ডায়াবেটিস রোগ হয়।

৬. টেস্টিং সল্ট-এর রাসায়নিক নাম কি?

ⓚ সোডিয়াম বাইকার্বোনেট ⓚh সোডিয়াম গ্লুটামেট ⓖ পটাশিয়াম বাইকার্বোনেট ⓖh সোডিয়াম মনোগ্লুটামেট

[Note : সঠিক উত্তর হবে মনোসোডিয়াম গ্লুটামেট। সোডিয়াম বাইকার্বোনেট ($NaHCO_3$) হচ্ছে খাওয়ার সোডা এবং মনোসোডিয়াম গ্লুটামেটকে সাধারণ কথায় টেস্টিং সল্ট বলে।]

৭. তাপ প্রয়োগে সবচেয়ে বেশি প্রসারিত হয় কোন পদার্থ?

ⓚ তরল পদার্থ ⓚh বায়বীয় পদার্থ ⓖ কঠিন পদার্থ ⓖh নরম পদার্থ

(ব্যাখ্যা) তাপ প্রয়োগ করলে পদার্থ প্রসারিত হয়। তবে যে পদার্থের অণুগুলোর মধ্যকার আন্তঃআণবিক আকর্ষণ যতো কম সে পদার্থ ততো বেশি প্রসারিত হয়। কঠিন বা তরল পদার্থের তুলনায় বায়বীয় পদার্থের অণুগুলোর মধ্যে আন্তঃআণবিক আকর্ষণ সবচেয়ে কম। তাই তাপ প্রয়োগে বায়বীয় পদার্থ সবচেয়ে বেশি প্রসারিত হয়।

৮. পরমাণুর নিউক্লিয়াসে কি কি থাকে?

ⓚ নিউট্রন ও প্রোটন ⓚh ইলেক্ট্রন ও প্রোটন ⓖ নিউট্রন ও পজিট্রন ⓖh ইলেক্ট্রন ও পজিট্রন

(ব্যাখ্যা) প্রোটন ও চার্জ নিরপেক্ষ নিউট্রন নিয়ে প্রতিটি পরমাণু নিউক্লিয়াস গঠন করে এবং ঋণাত্মক চার্জযুক্ত ইলেকট্রন-নিউক্লিয়াসকে কেন্দ্র করে ঘুরতে থাকে।

৯. মাটির পাত্রে পানি ঠাণ্ডা থাকে কেন?

ⓚ মাটির পাত্র পানি থেকে তাপ শোষণ করে
ⓚh মাটির পাত্র ভালো তাপ পরিবাহী
ⓖ মাটির পাত্র পানির বাষ্পীভবনে সাহায্য করে
ⓖh মাটির পাত্র তাপ কুপরিবাহী

(ব্যাখ্যা) মাটির পাত্রে অসংখ্য ক্ষুদ্র ক্ষুদ্র ছিদ্র থাকে। এসব ছিদ্র দিয়ে পানি কলসির উপরিতলে এসে পৌঁছে এবং বাষ্পীভূত হয়। বাষ্পায়নের সময়ে প্রয়োজনীয় সুপ্ততাপ কলসির পানি থেকে গ্রহণ করে। ফলে পানি ঠাণ্ডা থাকে।

১০. আকাশ মেঘলা থাকলে গরম বেশি লাগে কেন?

ⓚ মেঘ উত্তম তাপ পরিবাহক
ⓚh সূর্যালোকের অতিবেগুনি রশ্মির প্রভাবে মেঘ তাপ উৎপন্ন করে
ⓖ বজ্রপাতের ফলে তাপ উৎপন্ন হয় বলে
ⓖh মেঘ পৃথিবী পৃষ্ঠ থেকে বিকীর্ণ তাপকে ওপরে যেতে বাধা দেয় বলে

(ব্যাখ্যা) আকাশ পরিষ্কার থাকলে ভূপৃষ্ঠের বিকীর্ণ তাপ আকাশে উঠে যায়। ফলে ভূপৃষ্ঠ শীতল হয়ে পড়ে। কিন্তু মেঘ অপরিবাহী এবং তাপ বিকিরণে বাধা দেয়। তাই আকাশ মেঘলা থাকলে ভূপৃষ্ঠের বিকীর্ণ তাপ এর আশে পাশেই থেকে যায়। ফলে ভ্যাপসা গরম লাগে।

১১. জীবের বংশগতির বৈশিষ্ট্য বহন করে—

ⓚ নিউক্লিয়াস ⓚh নিউক্লিওলাস ⓖ ক্রোমোজোম ⓖh নিউক্লিওপ্লাজম

(ব্যাখ্যা) জীব কোষের অভ্যন্তরীণ কার্যাবলি নিয়ন্ত্রণ করে 'নিউক্লিয়াস'। নিউক্লিয়াস রাইবোজোম প্রস্তুত করে এবং কোষ বিভাজনে সক্রিয় ভূমিকা পালন করে। নিউক্লিয়াসের নিউক্লিওপ্লাজমে ভাসমান সুতার ন্যায় প্যাচানো উপাদান হলো 'ক্রোমোজোম'। অসংখ্য সূক্ষ্ম জিন দ্বারা ক্রোমোজোম গঠিত। জিন বংশগতির ধারক ও বাহক এবং এর মাধ্যমে বংশপরম্পরায় প্রজাতির বৈশিষ্ট্য অক্ষুণ্ন থাকে।

উত্তর

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | খ |
| ৩ | গ |
| ৪ | ঘ |
| ৫ | খ |
| ৬ Note | |
| ৭ | খ |
| ৮ | ক |
| ৯ | গ |
| ১০ | ঘ |
| ১১ | গ |

**১২. প্রাকৃতিক কোন উৎস থেকে সবচেয়ে মৃদু পানি পাওয়া যায়?**
ⓚ সাগর ⓚ হ্রদ ⓖ নদী ⓖ বৃষ্টি

(ব্যাখ্যা) *সাগরের পানি লবণাক্ত। হ্রদ ও নদীর পানি মৃদু হলেও তুলনামূলকভাবে বৃষ্টির পানি অধিকতর মৃদু। কারণ সাগর, নদী প্রভৃতির পানি সূর্যতাপে বাষ্পীভূত হয়ে মেঘ সৃষ্টি হয়, যার ফলে বৃষ্টির পানিতে বিভিন্ন প্রকার লবণের উপস্থিতি একেবারেই থাকে না।*

**১৩. রেডিও আইসোটোপ ব্যবহৃত হয়–**
ⓚ কিডনির পাথর গলাতে ⓚ পিত্তপাথর গলাতে
ⓖ গলগণ্ড রোগ নির্ণয়ে ⓖ নতুন পরমাণু তৈরিতে

(ব্যাখ্যা) *তেজস্ক্রিয়তা প্রয়োগের মাধ্যমে রোগ নিরাময় বা রোগের প্রকোপ কমিয়ে রাখার জন্য ব্যবহৃত চিকিৎসা পদ্ধতির নাম রেডিওথেরাপি। রেডিওথেরাপিতে তেজস্ক্রিয় আইসোটোপ (যেমন– কোবাল্ট-৬০) থেকে গামা রশ্মি নির্গত হয়। এ রশ্মি সহজেই কোষের গভীরে প্রবেশ করে রোগাক্রান্ত কোষ ধ্বংস করতে পারে। ক্যান্সার, টিউমার প্রভৃতি রোগ নির্ণয় ও সারাতে বর্তমানে রেডিও আইসোটোপ ব্যবহৃত হচ্ছে।*

**১৪. যখন সূর্য ও পৃথিবীর মধ্যে চাঁদ অবস্থান করে তখন হয়–**
ⓚ চন্দ্রগ্রহণ ⓚ সূর্যগ্রহণ ⓖ অমাবস্যা ⓖ পূর্ণিমা

(ব্যাখ্যা) *পূর্ণিমার তিথিতে চাঁদ, পৃথিবী ও সূর্য একই সরল রেখায় এলে সূর্যের আলো পৃথিবীর বাধার জন্য চাঁদের ওপর পড়তে না পারলে সাময়িকভাবে চাঁদকে দেখা যায় না, একে চন্দ্রগ্রহণ বলে। অপর পক্ষে অমাবস্যা তিথিতে সূর্য, চাঁদ ও পৃথিবী একই সরল রেখায় অবস্থানের জন্য সূর্যের আলো চাঁদের বাধার কারণে পৃথিবীতে আসতে পারে না তাই সূর্যকে দেখা যায় না। একে সূর্যগ্রহণ বলা হয়।*

**১৫. বিষধর সাপে কামড়ালে ক্ষতস্থানে থাকে–**
ⓚ পাশাপাশি দুটো দাঁতের দাগ
ⓚ অনেকগুলো ছোট ছোট দাঁতের দাগ
ⓖ ক্ষতস্থান থেকে প্রচুর রক্তপাত হতে থাকে
ⓖ ক্ষতস্থানে প্রচুর বিষ লেগে থাকে

(ব্যাখ্যা) *বিষধর সাপের বিষথলী সংযুক্ত থাকে সামনের দিকে উঁচু ও বড় দুটি ছিদ্রযুক্ত ফাঁপা দাঁতের সাথে। যখন বিষধর সাপ দংশন করে তখন ঐ দুটি দাঁত মাংসের মধ্যে ঢুকে যায় এবং বিষথলি থেকে নির্গত বিষ রক্তের সাথে মিশে যায়। তাই বিষধর সাপে কামড়ালে ক্ষতস্থানে পাশাপাশি দুটি দাঁতের দাগ থাকে।*

**১৬. লোকভর্তি হল ঘরে শূন্য ঘরের চেয়ে শব্দ ক্ষীণ হয়, কারণ–**
ⓚ লোকভর্তি ঘরে মানুষের সোরগোল হয়
ⓚ শূন্য ঘর নীরব থাকে
ⓖ শূন্য ঘরে শব্দের শোষণ কম হয়
ⓖ শূন্য ঘরে শব্দের শোষণ বেশি হয়

(ব্যাখ্যা) *লোকভর্তি হল ঘরে মানুষ দ্বারা শব্দ শোষিত হওয়ার ফলে শব্দ ক্ষীণ হয়। শূন্য ঘরে শব্দের শোষণ কম হওয়ায় শব্দ বেশি হয়।*

**১৭. পেট্রোলের আগুন পানি দ্বারা নেভানো যায় না, কারণ–**
ⓚ পেট্রোলের সাথে পানি মিশে যায়
ⓚ পেট্রোল পানির সাথে মিশে না
ⓖ পেট্রোল পানির চেয়ে হালকা
ⓖ খ ও গ উভয়ই ঠিক

(ব্যাখ্যা) *পেট্রোল প্রাকৃতিক প্রক্রিয়ায় উৎপন্ন হাইড্রোকার্বন যা পানির তুলনায় অনেক হালকা। পেট্রোলের আগুনে পানি ঢেলে দিলে পেট্রোলের আগুনের উত্তাপ অনেক বেশি হওয়ায় পানি বিশ্লিষ্ট হয়ে যায়। তাই পানি দ্বারা পেট্রোলের আগুন নেভানো যায় না। তাছাড়া পানি পেট্রোল অপেক্ষা ভারী হওয়ায় বিশ্লিষ্ট হওয়ার পর যে পানি অবশিষ্ট থাকে তা পেট্রোলের নিচে চলে যায়। ফলে পেট্রোলের আগুন জ্বলতে থাকে।*

**১৮. কম্পিউটারে কোনটি নেই?**
ⓚ স্মৃতি ⓚ বুদ্ধি বিবেচনা
ⓖ দীর্ঘ সময় কাজ করার ক্ষমতা
ⓖ নির্ভুল কাজ করার ক্ষমতা

(ব্যাখ্যা) *কম্পিউটারের নির্ভুলভাবে দ্রুত কাজ করা এবং স্মৃতি সংরক্ষণের ক্ষমতা রয়েছে। তবে শুধু উন্নত মস্তিষ্ক ও জৈবিক বৈশিষ্ট্যসম্পন্ন প্রাণীরই বুদ্ধি বিবেচনার ক্ষমতা রয়েছে, যা কোনো যন্ত্রের নেই।*

**১৯. 'পিসিকালচার' বলতে কি বোঝায়?**
ⓚ হাঁস-মুরগি পালন ⓚ মৌমাছি পালন
ⓖ মৎস্য চাষ ⓖ রেশম চাষ

(ব্যাখ্যা) *হাঁস-মুরগি পালনকে পোলট্রি, মৌমাছি পালনকে এপিকালচার, মৎস্য চাষকে পিসিকালচার এবং রেশম চাষকে সেরিকালচার বলে।*

**২০. উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র–**
ⓚ ক্রনোমিটার ⓚ ওডোমিটার
ⓖ ট্যাকোমিটার ⓖ ক্রেসকোগ্রাফ

(ব্যাখ্যা) *ক্রনোমিটার সূক্ষ্মভাবে সময় নির্ণায়ক যন্ত্র, ওডোমিটার মোটরগাড়ির গতি নির্ণায়ক যন্ত্র, ট্যাকোমিটার উড়োজাহাজের গতি নির্ণায়ক যন্ত্র এবং ক্রেসকোগ্রাফ উদ্ভিদের বৃদ্ধি নির্ণায়ক যন্ত্র।*

**২১. মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র–**
ⓚ স্ফিগমোম্যানোমিটার ⓚ স্টেথস্কোপ
ⓖ কার্ডিওগ্রাফ ⓖ ইকোকার্ডিওগ্রাফ

(ব্যাখ্যা) *স্ফিগমোম্যানোমিটার মানবদেহের রক্তচাপ নির্ণায়ক যন্ত্র, স্টেথস্কোপ হৃৎপিণ্ড ও ফুসফুসের শব্দ নির্ণায়ক যন্ত্র, কার্ডিওগ্রাফ হৃৎপিণ্ডের গতি নির্ণায়ক যন্ত্র এবং ইকোকার্ডিওগ্রাফ হৃৎপিণ্ডের কর্মক্ষমতা ও রোগ শনাক্তকরণ যন্ত্র।*

**২২. বৈদ্যুতিক পাখা ধীরে ধীরে ঘুরলে বিদ্যুৎ খরচ–**
ⓚ কম হয় ⓚ বেশি হয় ⓖ একই হয় ⓖ খুব কম হয়

(ব্যাখ্যা) *রেগুলেটরের মাধ্যমে বৈদ্যুতিক পাখায় বিদ্যুৎ সরবরাহ নিয়ন্ত্রণ করা হয়। যখন বৈদ্যুতিক পাখা ধীরে ঘুরানোর জন্য বিদ্যুৎ প্রবাহ কমানো হয় তখন অতিরিক্ত বিদ্যুৎ রেগুলেটরে তাপ সৃষ্টি করে। যার ফলে বৈদ্যুতিক পাখা ধীরে ঘুরলেও বিদ্যুৎ খরচ একই হয় কারণ সবসময় বিদ্যুৎ প্রবাহ একই থাকে।*

**২৩. রেক্টিফাইড স্পিরিট হলো–**
ⓚ ৯০% ইথাইল অ্যালকোহল + ১০% পানি
ⓚ ৮০% ইথাইল অ্যালকোহল + ২০% পানি
ⓖ ৯৫% ইথাইল অ্যালকোহল + ৫% পানি
ⓖ ৯৮% ইথাইল অ্যালকোহল + ২% পানি

উত্তর

| | |
|---|---|
| ১২ | ঘ |
| ১৩ | গ |
| ১৪ | খ |
| ১৫ | ক |
| ১৬ | গ |
| ১৭ | ঘ |
| ১৮ | খ |
| ১৯ | গ |
| ২০ | গ |
| ২১ | ক |
| ২২ | গ |
| ২৩ | গ |


VisionApps16

(ব্যাখ্যা) রেকটিফাইড স্পিরিট হলো ৯৫.৬% ইথাইল অ্যালকোহল ও ৪.৪% পানির সমস্ফুটন মিশ্রণ। এর স্ফুটনাংক ৭৮.১° সে.। রেকটিফাইড স্পিরিট ডাক্তারি কাজে ও দ্রাবকরূপে ব্যবহৃত হয়। এ স্পিরিট থেকে বিশুদ্ধ অ্যালকোহল প্রস্তুত করা হয়।

**২৪. তামার সাথে নিচের কোনটি মেশালে পিতল হয়?**

ক) নিকেল খ) টিন
গ) সিসা ঘ) দস্তা (জিঙ্ক)

(ব্যাখ্যা) পিতল একটি সংকর ধাতু। পিণ্ড দস্তা বা জিঙ্ক গলিত তামার সঙ্গে মিশিয়ে ছাঁচে ফেলে অথবা রোলিং (rolling), এক্সট্রুডিং (extruding), পিটানো (forging) অথবা অন্যান্য প্রক্রিয়ায় বিলেটের (billet) মধ্যে ঢেলে প্রস্তুত করা হয়। তামার সাথে টিন মেশালে ব্রোঞ্জ হয়।

**২৫. বাংলাদেশ সিভিল সার্ভিসের (BCS) ক্যাডার কতটি?**

ক) ২৯টি খ) ২২টি গ) ২১টি ঘ) ৫টি

[Note : ১৮ জুলাই ১৯৭৫ চাকরি পুনর্গঠনে সরকারের ক্ষমতাকে কার্যকারিতা দেয়ার জন্য চাকরি আইন করা হয়, যা কার্যকর হয় ১ জুলাই ১৯৭৩ থেকে। ১৯৮০ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস ক্যাডার কম্পোজিশন অ্যান্ড ক্যাডার রুল জারির মাধ্যমে বাংলাদেশ সিভিল সার্ভিস (BCS) গঠন করা হয়। প্রথম দিকে ক্যাডার সংখ্যা ছিল ১৪টি এবং সাব ক্যাডার ছিল ২২টি। পরবর্তীতে ১৯৮২ সালে ক্যাডার সংখ্যা হয় ২৮টি। ১৯৮৫ সালে স্বাস্থ্য ক্যাডার ও পরিবার পরিকল্পনা ক্যাডার পৃথক করাতে সিভিল সার্ভিসের ক্যাডার সংখ্যা দাঁড়ায় ২৯টি। ১ নভেম্বর ২০০৭ নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ পৃথক হলে বিচার ক্যাডার বিলুপ্ত করে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশনের নিয়ন্ত্রণে নেয়া হয়। ফলে মোট ক্যাডার সংখ্যা হয় ২৮টি। আবার ১৫ সেপ্টেম্বর ২০১৪ বাংলাদেশ সিভিল সার্ভিস বিধিমালায় টেলিকমিউনিকেশন ক্যাডার বিলুপ্ত করার ফলে বাংলাদেশে সিভিল সার্ভিসের ক্যাডার সংখ্যা দাঁড়ায় ২৭টিতে। সর্বশেষ ১৩ নভেম্বর ২০১৮ বিসিএস ইকনমিক ক্যাডার বিলুপ্ত করে তা বিসিএস প্রশাসন ক্যাডারের সাথে একীভূত করায় বর্তমানে ক্যাডারের সংখ্যা ২৬টি।]

**২৬. বাংলাদেশে সবচেয়ে বেশি বৈদেশিক মুদ্রা অর্জিত হয় কোন খাত থেকে?**

ক) চা খ) পাট ও পাটজাত দ্রব্য
গ) তৈরি পোশাক ঘ) চিংড়ি মাছ

(ব্যাখ্যা) বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুযায়ী, বাংলাদেশের সর্বাধিক রপ্তানি আয় (২০১৬-১৭) আসে তৈরি পোশাক থেকে, ১৪,৭৮৪ মিলিয়ন মার্কিন ডলার এবং দ্বিতীয় অবস্থানে আছে নীটওয়্যার (১৩,৭৫৭ মিলিয়ন মার্কিন ডলার)।

**২৭. ইন্দোনেশিয়ার নতুন রাষ্ট্রপতির নাম কি?**

ক) জেনারেল সুহার্তো খ) মেঘবতী সুকর্নপুত্রী
গ) আবদুর রহমান ওয়াহিদ ঘ) জেনারেল বিয়াত্তো

[Note : ইন্দোনেশিয়ার বর্তমান রাষ্ট্রপতি জোকো উইদোদো ২০ অক্টোবর ২০১৪ নির্বাচিত হন। স্বৈরশাসক জেনারেল সুহার্তো দেশটির দ্বিতীয় প্রেসিডেন্ট, যিনি ১২ মার্চ ১৯৬৭-২১ মে ১৯৯৮ দীর্ঘ ৩২ বছর ক্ষমতায় ছিলেন। আবদুর রহমান ওয়াহিদ ছিলেন ইন্দোনেশিয়ার চতুর্থ প্রেসিডেন্ট, যার মেয়াদকাল ১৯ অক্টোবর ১৯৯৯-২৩ জুলাই ২০০১। মুসলিম বিশ্বের প্রথম নারী প্রেসিডেন্ট ও ইন্দোনেশিয়ার পঞ্চম প্রেসিডেন্ট মেঘবতী সুকর্নপুত্রী ক্ষমতাসীন ছিলেন ২৩ জুলাই ২০০১-২১ অক্টোবর ২০০৪ পর্যন্ত। তিনি দেশটির প্রথম প্রেসিডেন্ট ড. আহমদ সুকর্নের (মেয়াদকাল ১৮.০৮.১৯৪৫-১২.০৬.১৯৬৭) কন্যা।]

**২৮. এটমিক সংখ্যা একই হওয়া সত্ত্বেও নিউক্লিয়াসের নিউট্রন সংখ্যা বেশি হওয়ার ফলে ভরসংখ্যা বেড়ে যায় ফলে তাদের বলা হয়-**

ক) আইসোটোপ খ) আইসোমার
গ) আইসোটোন ঘ) আইসোবার

(ব্যাখ্যা) আইসোটোপের ক্ষেত্রে এটমিক সংখ্যা সমান কিন্তু ভর সংখ্যা ভিন্ন, আইসোবারের ক্ষেত্রে ভরসংখ্যা সমান কিন্তু এটমিক সংখ্যা ভিন্ন, আইসোটোনের ক্ষেত্রে এটমিক সংখ্যা ভিন্ন কিন্তু নিউট্রন সংখ্যা সমান এবং আইসোমারের ক্ষেত্রে নিউক্লিয়াসের পারমাণবিক সংখ্যা ও ভরসংখ্যা সমান, কিন্তু শক্তি অবস্থা ভিন্ন।

**২৯. মুক্তিযুদ্ধকালে বাংলাদেশকে কয়টি সেক্টরে ভাগ করা হয়?**

ক) আট খ) দশ গ) এগার ঘ) পনের

(ব্যাখ্যা) মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ৪ এপ্রিল মুক্তিফৌজ নামে মুক্তিবাহিনী গঠিত হয় এবং ৯ এপ্রিল এর নামকরণ করা হয় মুক্তিবাহিনী। পরবর্তীতে জেনারেল এম.এ.জি. ওসমানীকে মুক্তিবাহিনীর প্রধান সেনাপতি হিসেবে নিয়োগ দেয়া হলে তিনি বাংলাদেশকে যুদ্ধ পরিচালনার সুবিধার্থে ১১টি সেক্টরে বিভক্ত করেন।

**৩০. ১৯৭৫ সালের ১৫ আগস্ট ভোর রাত পর্যন্ত বাংলাদেশের সেনাবাহিনীর প্রধান কে ছিলেন?**

ক) মেজর জেনারেল জিয়াউর রহমান
খ) মেজর জেনারেল মঞ্জুর
গ) মেজর জেনারেল কে এম শফিউল্লাহ
ঘ) মেজর জেনারেল এইচ এম এরশাদ

(ব্যাখ্যা) মেজর জেনারেল কে এম শফিউল্লাহ ১৯৭২ সালের এপ্রিল থেকে ১৯৭৫ সালের ২৪ আগস্ট পর্যন্ত বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান ছিলেন।

**৩১. Food and Agricultural Organisation-এর সদর দপ্তর কোথায় অবস্থিত?**

ক) রোম খ) জেনেভা গ) ব্যাংকক ঘ) প্যারিস

(ব্যাখ্যা) ১৯৪৫ সালের ১৬ অক্টোবর কুইবেকে অনুষ্ঠিত এক সম্মেলনে জাতিসংঘ খাদ্য ও কৃষি সংস্থা (FAO) প্রতিষ্ঠিত হয়। এর সদর দপ্তর ইতালির রোমে।

**৩২. 'The Asian Drama' গ্রন্থটির রচয়িতা কে?**

ক) অমর্ত্য সেন খ) গুনার মিরডাল
গ) মাইকেল লিফটন ঘ) উইলয়াম রস্টো

(ব্যাখ্যা) প্রখ্যাত লেখক গুনার মিরডালের একটি বিখ্যাত গ্রন্থ 'The Asian Drama'। ভারতের প্রখ্যাত নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক অমর্ত্য সেনের বিখ্যাত গ্রন্থের মধ্যে অন্যতম হলো ১৯৮১ সালে প্রকাশিত গবেষণা গ্রন্থ 'পভার্টি এন্ড ফ্যামিনস অ্যান এসে অন এনটাইটেলমেন্ট অ্যান্ড ডিপ্রাইভেশন'।

**৩৩. নিম্নলিখিত শহরের কোনটি আলবেনিয়ার রাজধানী?**

ক) বুদাপেস্ট খ) প্রাগ
গ) এথেন্স ঘ) তিরানা

(ব্যাখ্যা) তিরানা আলবেনিয়ার রাজধানী, বুদাপেস্ট হাঙ্গেরির রাজধানী, এথেন্স গ্রিসের রাজধানী এবং প্রাগ চেক প্রজাতন্ত্রের রাজধানী।

**উত্তর**

| | |
|---|---|
| ২৪ | ঘ |
| ২৫ | Note |
| ২৬ | গ |
| ২৭ | Note |
| ২৮ | ক |
| ২৯ | গ |
| ৩০ | গ |
| ৩১ | ক |
| ৩২ | খ |
| ৩৩ | ঘ |

**৩৪. IFC বলতে কি বোঝায়?**

ⓚ ইন্টারন্যাশনাল ফিন্যান্স করপোরেশন
ⓚ ইন্টারন্যাশনাল ফিন্যান্স ক্যাপিটাল
ⓖ ইন্টারন্যাশনাল ফুড করপোরেশন
ⓖ এগুলোর কোনোটিই নয়

(ব্যাখ্যা) *IFC-এর পূর্ণরূপ International Finance Corporation. এটি বিশ্বব্যাংক গ্রুপের ৫টি অঙ্গ সংস্থার একটি। এটি প্রতিষ্ঠিত হয় ২০ জুলাই ১৯৫৬ এবং এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে।*

**৩৫. Organizatioin of African Unity কত সালে প্রতিষ্ঠিত হয়?**

ⓚ ১৯৬০ সালে　ⓚ ১৯৬২ সালে
ⓖ ১৯৬৩ সালে　ⓖ ১৯৬৪ সালে

(ব্যাখ্যা) *২০০২ সালের ৯ জুলাই পর্যন্ত African Union (AU)-এর নাম ছিল Organization of African Unity. এটি প্রতিষ্ঠিত হয় ২৫ মে ১৯৬৩। এর প্রাথমিক সদস্য ছিল ৩২টি এবং বর্তমানে ৫৫টি। সংস্থার সদর দপ্তর ইথিওপিয়ার রাজধানী আদ্দিস আবাবায় অবস্থিত।*

**৩৬. বান্দুং কোথায় অবস্থিত?**

ⓚ মালয়েশিয়া　ⓚ ভিয়েতনাম
ⓖ থাইল্যান্ড　ⓖ ইন্দোনেশিয়া

(ব্যাখ্যা) *৩৩ প্রদেশ বিশিষ্ট জনসংখ্যায় বিশ্বের বৃহত্তম মুসলিম দেশ ইন্দোনেশিয়ার জাভা বারাত প্রদেশের রাজধানীর নাম বান্দুং। ১৯৫৫ সালে জোট নিরপেক্ষ আন্দোলন বা NAM (Non Aligned Movement) প্রতিষ্ঠার লক্ষ্যে ২৯টি দেশের সম্মেলন বান্দুং-এ অনুষ্ঠিত হয়।*

**৩৭. পানামা খাল কোন কোন মহাসাগরকে যুক্ত করেছে?**

ⓚ আটলান্টিক মহাসাগর ও ভূমধ্যসাগর
ⓚ আটলান্টিক মহাসাগর ও প্রশান্ত মহাসাগর
ⓖ প্রশান্ত মহাসাগর ও উত্তর মহাসাগর
ⓖ ভারত মহাসাগর ও প্রশান্ত মহাসাগর

(ব্যাখ্যা) *পানামা খালটি উত্তর ও দক্ষিণ আমেরিকার মধ্যে অবস্থিত একটি যোজক খাল। ১৯০৪ সালে খালটির খনন আরম্ভ হয় এবং ১৯১৪ সালে জাহাজ চলাচলের জন্য উন্মুক্ত করা হয়। এটি আটলান্টিক মহাসাগর ও প্রশান্ত মহাসাগরকে যুক্ত করেছে। খালটির দৈর্ঘ্য ৮০ কিমি, প্রস্থ ৯০ থেকে ৩০০ মিটার এবং গভীরতা ১৩ মিটার। চৌবাচ্চা প্রকৃতির খালটি অতিক্রমে প্রায় ৭-৮ ঘণ্টা সময় লাগে। প্রতিদিন অন্তত অর্ধ শতাধিক জাহাজ যাতায়াত করে।*

**৩৮. ইসরাইল কত সালে পূর্ব জেরুজালেম দখল করেছিল?**

ⓚ ১৯৪৮ সালে　ⓚ ১৯৬০ সালে
ⓖ ১৯৬৭ সালে　ⓖ ১৯৭৩ সালে

(ব্যাখ্যা) *১৯৬৭ সালে তৃতীয় আরব-ইসরাইল যুদ্ধে ইসরাইল প্রতিপক্ষ—মিশর, সিরিয়া ও জর্ডানসহ আরব বিশ্বকে পরাজিত করে গাজা, সিনাই উপদ্বীপ, পশ্চিম তীর ও পূর্ব জেরুজালেম দখল করে রাখে।*

**৩৯. 'No Fly Zone' কোন দেশে অবস্থিত?**

ⓚ ইরাক　ⓚ কুয়েত　ⓖ আফগানিস্তান　ⓖ ইসরাইল

(ব্যাখ্যা) *No Fly Zone হচ্ছে বিমান চলাচলে নিষিদ্ধ এলাকা। আকাশসীমায় সংরক্ষিত এলাকায় কোনো ধরনের বিমান চলাচল করতে পারে না। ১৯৯২ থেকে ২০০৩ সাল পর্যন্ত উত্তর ইরাকে এমন একটি No Fly Zone স্থাপন করেছিল যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্র।*

**৪০. মাইকেল অ্যাঞ্জেলো কোন দেশের শিল্পী?**

ⓚ অস্ট্রিয়া　ⓚ গ্রিস　ⓖ সুইডেন　ⓖ ইতালি

(ব্যাখ্যা) *ইতালীয় ভাস্কর, চিত্রকর, স্থাপত্যবিদ, প্রকৌশলী ও কবি মাইকেল অ্যাঞ্জেলো বুওনারোত্তি ছিলেন ইতালীয় রেনেসাঁসেরও অন্যতম পুরোধা। তার বিশ্ববিখ্যাত ভাস্কর্য ও স্থাপত্যকর্মের মধ্যে উল্লেখযোগ্য হলো রোমের সেন্ট পিটারের 'পিয়েতো', ফ্লোরেন্সের আকাদেমিতে রক্ষিত 'ডেভিট', দ্বিতীয় পোপ জুলিয়াসের সমাধিসৌধ ইত্যাদি। তিনি ১৫৬৪ সালে মৃত্যুবরণ করেন।*

**৪১. ম্যাকমোহন লাইন কোন কোন দেশের সীমানা নির্ধারণ করেছে?**

ⓚ চীন ও রাশিয়া　ⓚ চীন ও ভারত
ⓖ ভারত ও পাকিস্তান　ⓖ পাকিস্তান ও আফগানিস্তান

(ব্যাখ্যা) *ভারতের ১১২৬.৫৪ কিলোমিটার বা ৭০০ মাইলব্যাপী অরুণাচল প্রদেশ এবং চীনের অন্তর্গত তিব্বতের সুবর্ণ সিঁড়ি, সিয়াং ও লোহিত সীমান্তজুড়ে ম্যাকমোহন লাইন অবস্থিত। অন্যদিকে ভারত ও পাকিস্তানের মধ্যে র‍্যাডক্লিফ লাইন এবং পাকিস্তান ও আফগানিস্তানের মধ্যে ডুরান্ড লাইন সংশ্লিষ্ট দেশসমূহের সীমানা নির্ধারণ করেছে।*

**৪২. কোনটি নিশীথ সূর্যের দেশ নামে পরিচিত?**

ⓚ হেমারফেস্ট ⓚ কুইবেক ⓖ তিব্বত　ⓖ কোনোটিই নয়

(ব্যাখ্যা) *নরওয়ের উত্তরাঞ্চলীয় হেমারফেস্ট শহরটি সাড়ে ৭০° উত্তর অক্ষাংশে অবস্থিত। ২১ জুন তারিখে সূর্য কর্কটক্রান্তি রেখার ওপর লম্বভাবে বা ৯০° কোণে এবং নিরক্ষরেখার ওপর সাড়ে ৬৬° কোণে হেলে কিরণ দেয়। ৯০° উত্তর অক্ষাংশ পর্যন্ত যে কোনো স্থান সূর্যরশ্মিতে আলোকিত থাকে। তবে পৃথিবীর আবর্তনের ফলে এ অঞ্চলে স্থানীয় সময় মধ্যরাত হলেও এ অঞ্চলের হেমারফেস্ট থেকে দূর মহাকাশের দিগন্তে সূর্যকে দেখা যায়। তাই এ অঞ্চলকে নিশীথ সূর্যের দেশ বলা হয়। অন্যদিকে কুইবেককে পশ্চিমের জিব্রাল্টার এবং তিব্বতকে নিষিদ্ধ দেশ বলা হয়।*

**৪৩. ফনোগ্রাফ কে আবিষ্কার করেন?**

ⓚ রন্টজেন ⓚ ফ্যারাডে ⓖ মার্কনি　ⓖ এডিসন

(ব্যাখ্যা) *'রন্টজেন' আবিষ্কার করেন 'এক্স-রে', 'ফ্যারাডে' আবিষ্কার করেন 'তড়িৎ চুম্বকীয় আবেশ', মার্কনি আবিষ্কার করেন 'বেতার' এবং এডিসন আবিষ্কার করেন 'ফনোগ্রাফ'।*

**৪৪. ইসলামী উন্নয়ন ব্যাংকের সদর দপ্তর কোথায় অবস্থিত?**

ⓚ রিয়াদ　ⓚ কায়রো　ⓖ কুয়েত　ⓖ জেদ্দা

(ব্যাখ্যা) *ইসলামী উন্নয়ন ব্যাংক (IDB)-এর সদর দপ্তর সৌদি আরবের জেদ্দায়। এটি প্রতিষ্ঠিত হয় ডিসেম্বর, ১৯৭৩ এবং কার্যক্রম শুরু হয় ২০ অক্টোবর ১৯৭৫।*

**৪৫. বেলজিয়ামের মুদ্রার নাম কি?**

ⓚ শিলিং　ⓚ ফ্রাংক　ⓖ পাউন্ড　ⓖ ক্রোনা

উত্তর

| | |
|---|---|
| ৩৪ | ক |
| ৩৫ | গ |
| ৩৬ | ঘ |
| ৩৭ | খ |
| ৩৮ | গ |
| ৩৯ | ক |
| ৪০ | ঘ |
| ৪১ | খ |
| ৪২ | ক |
| ৪৩ | ঘ |
| ৪৪ | ঘ |
| ৪৫ Note | |

[Note : *ফ্রাংক বেলজিয়ামের সাবেক মুদ্রা। ইউরো চালু হওয়ার পর ২০০২ সালের ১ জুলাই থেকে বেলজিয়ামের মুদ্রা ফ্রাংক বিলুপ্ত করা হয়। অন্যদিকে, শিলিং অস্ট্রিয়ার ইউরো গ্রহণের পূর্বের মুদ্রা, পাউন্ড স্টারলিং যুক্তরাজ্যের মুদ্রা, সুইডিস ক্রোনা সুইডেনের মুদ্রা এবং ডেনিস ক্রোনা ডেনমার্কের মুদ্রা।*]

**৪৬. কোনটি 'চির শান্তির শহর' নামে পরিচিত?**

ক) রোম খ) ভেনিস
গ) এথেন্স ঘ) ওসলো

**ব্যাখ্যা** *রোম নীরব শহর, চির শান্তির শহর, পোপের শহর এবং সাত পাহাড়ের শহর নামে পরিচিত। অন্যদিকে ভেনিস রাজপ্রাসাদের নগরী, দ্বীপের নগরী, নিশ্চুপ সড়কের শহর, অ্যাড্রিয়াটিকের রানী নামে পরিচিত।*

**৪৭. বাবেল মান্দেব কোন ভাষার শব্দ?**

ক) ফারসি খ) উর্দু
গ) আরবি ঘ) ইংরেজি

**ব্যাখ্যা** *বাবেল মান্দেব ফারসি শব্দ। এর অর্থ মৃত্যু দরজা। এখানে এক সময় প্রচুর জাহাজ ডুবি হতো ও অনেক মানুষ মারা যেত। এটি বর্তমানে একটি প্রণালী, যা এশিয়া থেকে আফ্রিকাকে পৃথক করেছে এবং এডেন সাগরকে লোহিত সাগরের সাথে যুক্ত করেছে।*

**৪৮. জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে প্রতিটি সদস্যরাষ্ট্র সর্বোচ্চ কত জন প্রতিনিধি পাঠাতে পারে?**

ক) তিনজন খ) চারজন গ) পাঁচজন ঘ) ছয়জন

**ব্যাখ্যা** *জাতিসংঘের বিধান অনুয়ায়ী সাধারণ পরিষদে প্রত্যেক সদস্যরাষ্ট্র পাঁচজন করে প্রতিনিধি পাঠাতে পারে। তবে কোনো সিদ্ধান্তের ক্ষেত্রে প্রত্যেক সদস্যরাষ্ট্র শুধু একটি ভোট প্রদান করতে পারে।*

**৪৯. পিএলও কখন গঠিত হয়?**

ক) ১৯৬৪ সালে খ) ১৯৬৫ সালে
গ) ১৯৬৬ সালে ঘ) ১৯৬৭ সালে

**ব্যাখ্যা** *দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ব্রিটিশরা ইহুদিদের পক্ষে ফিলিস্তিন ত্যাগ করলে ১৯৪৮ সালে ফিলিস্তিনে ইহুদিরা ইসরাইল রাষ্ট্র প্রতিষ্ঠা করে। এমতাবস্থায় স্বদেশভূমি উদ্ধারের জন্য প্রখ্যাত গেরিলা নেতা ইয়াসির আরাফাত ১৯৬৪ সালে পিএলও প্রতিষ্ঠা করেন। পিএলও'র পূর্ণরূপ প্যালেস্টাইন লিবারেশন অর্গানাইজেশন। ১১ নভেম্বর ২০০৪ ইয়াসির আরাফাত মৃত্যুবরণ করলে এর দায়িত্ব গ্রহণ করেন মাহমুদ আব্বাস।*

**৫০. নক্রুমা কোন দেশের প্রেসিডেন্ট ছিলেন?**

ক) নাইজেরিয়া খ) কঙ্গো
গ) আবিসিনিয়া ঘ) ঘানা

**ব্যাখ্যা** *কোয়ামে নক্রুমা ঘানার জাতীয়তাবাদী নেতা, প্রথম প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্ট এবং উপনিবেশবাদ ও নব্য উপনিবেশবাদের কট্টর বিরোধী ব্যক্তিত্ব।*

**৫১. ৭২ কেজি ওজনবিশিষ্ট একটি মিশ্রণ A-এর ১৭ ভাগ, B-এর ৩ ভাগ এবং C-এর ৪ ভাগ দ্বারা গঠিত। মিশ্রণে B কতটুকু আছে?**

ক) ৯ কেজি খ) ১২ কেজি গ) ১৭ কেজি ঘ) ৫১ কেজি

**ব্যাখ্যা** *ধরি, A : B : C = ১৭x : ৩x : ৪x*

*১৭x + ৩x + ৪x = ৭২ কেজি*

*বা, ২৪x = ৭২ কেজি*

*৩x = $\frac{৭২ \times ৩x}{২৪x}$ " = ৯ কেজি।*

**৫২. একজন মাঝি স্রোতের অনুকূলে ২ ঘণ্টায় ৫ মাইল যায় এবং ৪ ঘণ্টায় প্রাথমিক অবস্থানে ফিরে আসে। তার মোট ভ্রমণে প্রতি ঘণ্টায় গড়বেগ কত?**

ক) $\frac{৫}{৬}$ খ) $১\frac{২}{৩}$ গ) $১\frac{৭}{৮}$ ঘ) $৩\frac{৩}{৪}$

**ব্যাখ্যা** *মোট সময় = ২+৪ = ৬ ঘণ্টা*

*মোট দূরত্ব = ৫ × ২ = ১০ মাইল*

*গড় = $\frac{১০}{৬} = ১\frac{২}{৩}$*

**৫৩. একটি সমদ্বিবাহু ত্রিভুজের ভূমি ১৬ একক এবং অপর প্রত্যেক বাহুদ্বয় ১০ একক। ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ একক?**

ক) ২৪ খ) ৩৬ গ) ৪৮ ঘ) ৫০

**ব্যাখ্যা** *ত্রিভুজের উচ্চতা = $\sqrt{(১০)^২ - \left(\frac{১৬}{২}\right)^২}$ = ৬ একক*

*ক্ষেত্রফল = $\frac{১}{২}$ × ১৬ × ৬ বর্গ একক = ৪৮ বর্গ একক*

**৫৪. ২০ সদস্যবিশিষ্ট একটি ফুটবল দল থেকে একজন অধিনায়ক ও একজন সহ-অধিনায়ক কতভাবে নির্বাচন করা যাবে?**

ক) ২০ খ) ১৯০ গ) ৩৮০ ঘ) ৭৬০

**ব্যাখ্যা** *অধিনায়ক নির্বাচন করা যাবে ২০ ভাবে*

*এবং সহঅধিনায়ক " " " ১৯ "*

*∴ এই দুজনকে নির্বাচন করা যাবে = $\frac{২০ \times ১৯}{২}$ ভাবে = ১৯০ ভাবে।*

**৫৫. কোনো সমান্তর প্রগমনে প্রথম দুটি সংখ্যা যদি ৫ ও ১৭ হয়, তবে তৃতীয় সংখ্যাটি কত?**

ক) ২২ খ) ২৫ গ) ২৯ ঘ) ৮৫

**ব্যাখ্যা** *সমান্তর প্রগমনে দ্বিতীয় সংখ্যা ও প্রথম সংখ্যার ব্যবধান এবং তৃতীয় সংখ্যা ও দ্বিতীয় সংখ্যার ব্যবধান সবসময় সমান হবে। এখানে ১৭−৫ = ১২*

*তৃতীয় সংখ্যাটি হবে = ১৭ + ১২ = ২৯।*

**৫৬. ১, ২, ৩, ৫, ৮, ১৩, ২১, ৩৪, .... ধারাটির পরবর্তী সংখ্যা কত?**

ক) ৫৫ খ) ৪০ গ) ৬৮ ঘ) ৮৯

**ব্যাখ্যা** *১ + ২ = ৩, ৩ + ২ = ৫, ৫ + ৩ = ৮, ৮ + ৫ = ১৩, ১৩ + ৮ = ২১, ২১ + ১৩ = ৩৪, ৩৪ + ২১ = ৫৫।*

**৫৭. $\frac{১}{২}$-এর শতকরা কত $\frac{৩}{৪}$ হবে?**

ক) ১২০% খ) ১২৫% গ) ১৪০% ঘ) ১৫০%

**ব্যাখ্যা** $\left(\frac{৩}{৪} \div \frac{১}{২}\right) \times \frac{১০০}{১০০} = \frac{৩}{৪} \times \frac{২}{১} \times \frac{১০০}{১০০} = \frac{৩}{২} \times \frac{১০০}{১০০}$

$= ১৫০\%$

**উত্তর**

| | |
|---|---|
| ৪৬ | ক |
| ৪৭ | ক |
| ৪৮ | গ |
| ৪৯ | ক |
| ৫০ | ঘ |
| ৫১ | ক |
| ৫২ | খ |
| ৫৩ | গ |
| ৫৪ | খ |
| ৫৫ | গ |
| ৫৬ | ক |
| ৫৭ | ঘ |

৫৮. M সংখ্যক সংখ্যার গড় A এবং N সংখ্যক সংখ্যার গড় B. সবগুলো সংখ্যার গড় কত?

ⓚ $\frac{A+B}{2}$ ⓚh $\frac{AM+BN}{2}$

ⓖ $\frac{AM+BN}{M+N}$ ⓖh $\frac{AM+BN}{A+B}$

(ব্যাখ্যা) M সংখ্যক সংখ্যার সমষ্টি AM

N BN

$\therefore (M+N)$ " $AM+BN$

$\therefore (M+N)$ " গড় $\frac{AM+BN}{M+N}$

৫৯. যদি তেলের মূল্য ২৫% বৃদ্ধি পায় তবে তেলের ব্যবহার শতকরা কত কমালে, তেল বাবদ খরচ বৃদ্ধি পাবে না?

ⓚ ২০% ⓚh ১৬% ⓖ ১১% ⓖh ৯%

(ব্যাখ্যা) ১২৫ টাকায় ব্যবহার কমাতে হবে ২৫ টাকা

১০০ $\frac{২৫ \times ১০০}{১২৫}$ "

= ২০ টাকা

৬০. কোনো স্কুলে ৭০% শিক্ষার্থী ইংরেজি এবং ৮০% শিক্ষার্থী বাংলায় পাস করেছে। কিন্তু ১০% উভয় বিষয়ে ফেল করেছে। যদি উভয় বিষয়ে ৩০০ জন শিক্ষার্থী পাস করে থাকে তবে ঐ স্কুলে কতজন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে?

ⓚ ৪০০ জন ⓚh ৫০০ জন ⓖ ৫৬০ জন ⓖh ৭৬০ জন

(ব্যাখ্যা) ইংরেজিতে ফেল করেছে ৩০%

বাংলায় " " ২০%

শুধু ইংরেজিতে ফেল করেছে = (৩০ − ১০)% = ২০%

শুধু বাংলায় " " = (২০ − ১০)% = ১০%

উভয় বিষয়ে পাস করেছে

= ১০০ % − (২০% + ১০ % + ১০%) = ৬০ %

শিক্ষার্থী = $\frac{১০০ \times ৩০০}{৬০}$ = জন = ৫০০ জন।

৬১. চাঁদ সওদাগর বাংলা কোন কাব্যধারার চরিত্র?

ⓚ চণ্ডীমঙ্গল ⓚh মনসামঙ্গল

ⓖ ধর্মমঙ্গল ⓖh অন্নদামঙ্গল

(ব্যাখ্যা) মঙ্গলকাব্যগুলোর মধ্যে মনসামঙ্গল প্রাচীনতম। সাপের দেবী মনসার পূজা প্রচারের কাহিনীই এ কাব্যের বিষয়বস্তু। এ কাব্যের মূল চরিত্রগুলো হলো চাঁদ সওদাগর, বেহুলা, লখিন্দর ও মনসা দেবী। চণ্ডীমঙ্গল কাব্য হলো চণ্ডী (পার্বতীর রূপভেদ) দেবীকে অবলম্বন করে রচিত মঙ্গলকাব্য। ধর্মমঙ্গল হলো পঞ্চদশ থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত পশ্চিমবঙ্গের বীরভূম, বর্ধমান, বাকুঁড়া, মেদিনীপুর ইত্যাদি অঞ্চলে ধর্মঠাকুর বা ধর্ম নামের যে দেবতাকে নিম্নশ্রেণী ও কোথাও কোথাও উচ্চশ্রেণীর হিন্দুরা পূজা করত, সেই কাহিনী অবলম্বনে রচিত কাব্য। এ কাব্যের মূল চরিত্রগুলো হলো–হরিশ্চন্দ্র, মদনা, লুইচন্দ্র, কর্ণসেন, গৌড়েশ্বর, লাউসেন। অন্নদামঙ্গল হলো দেবী অন্নদার মাহাত্ম্য প্রচারে ভবানন্দ মজুমদারের জীবন নিয়ে রচিত কাব্য। কবি ভারতচন্দ্র রায়গুণাকর রচিত এ কাব্যের মূল চরিত্রগুলো হলো ভবানন্দ, হরিহোড়, মানসিংহ, ঈশ্বরী পাটনী।

৬২. 'ইউসুফ-জোলেখা' প্রণয়কাব্য অনুবাদ করেছেন–

ⓚ দৌলত উজির বাহরাম খান ⓚh মাগন ঠাকুর

ⓖ আলাওল ⓖh শাহ্ মুহম্মদ সগীর

(ব্যাখ্যা) মধ্যযুগের বাংলা প্রণয়োপাখ্যানগুলোর অন্যতম 'ইউসুফ-জোলেখা'র কাহিনী। ইউসুফ-জোলেখার যেসব পুঁথি পাওয়া গেছে তার মধ্যে কবি শাহ মুহম্মদ সগীর প্রণীত 'ইউসুফ-জোলেখা' অন্যতম।

৬৩. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন নাটকের গদ্য অনুবাদ?

ⓚ মার্চেন্ট অব ভেনিস ⓚh কমেডি অব এররস

ⓖ অ্যা মিডসামার নাইটস ড্রিম ⓖh টেমিং অব দ্য শ্রু

(ব্যাখ্যা) ইংরেজি সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ নাট্যকার উইলিয়াম শেক্সপিয়র (১৫৬৪-১৬১৬ খ্রি.) রচিত প্রথম নাটক 'দ্য কমেডি অব এররস' (১৫৯২-৯৩) অবলম্বনে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১ খ্রি.) 'ভ্রান্তিবিলাস' রচনা করেন। ১৮৬৯ সালে তিনি শেক্সপিয়রের এ নাটকটির বঙ্গানুবাদ করেন।

৬৪. কখনো উপন্যাস লেখেননি–

ⓚ কাজী নজরুল ইসলাম ⓚh জীবনানন্দ দাশ

ⓖ সুধীন্দ্রনাথ দত্ত ⓖh বুদ্ধদেব বসু

(ব্যাখ্যা) সুধীন্দ্রনাথ দত্ত (১৯০১-১৯৬০ খ্রি.) আধুনিক বাংলা সাহিত্যের একজন বিখ্যাত কবি। তিনি অনেক কবিতা ও গদ্য রচনা করলেও কোনো উপন্যাস রচনা করেননি। কাজী নজরুল ইসলাম (১৮৯৯-১৯৭৬ খ্রি.) রচিত উপন্যাস হলো বাঁধনহারা (১৯২৭), মৃত্যুক্ষুধা (১৯৩০) ও কুহেলিকা (১৯৩১)। পল্লীকবি জসীমউদ্দীন (১৯০৩-১৯৭৬ খ্রি.) রচিত উপন্যাস হলো বোবা কাহিনী (১৯৬৪)। কবি ও কথাসাহিত্যিক বুদ্ধদেব বসু (১৯০৮-১৯৭৪ খ্রি.) রচিত উপন্যাস হলো সাড়া (১৯৩০), সানন্দা (১৯৩৩), নির্জন স্বাক্ষর (১৯৫১), তিথিডোর (১৯৫২), নীলাঞ্জনের খাতা (১৯৬০) ইত্যাদি।

৬৫. 'দুধেভাতে উৎপাত' গল্পগ্রন্থের রচয়িতা–

ⓚ শওকত ওসমান ⓚh জ্যোতিপ্রকাশ দত্ত

ⓖ আখতারুজ্জামান ইলিয়াস ⓖh হাসান আজিজুল হক

(ব্যাখ্যা) 'দুধেভাতে উৎপাত' গল্পগ্রন্থটি বিশিষ্ট কথাসাহিত্যিক আখতারুজ্জামান ইলিয়াস (১৯৪৩-১৯৯৭ খ্রি.) কর্তৃক রচিত। ১৯৮৫ সালে এটি প্রকাশিত হয়। তার অন্যান্য উল্লেখযোগ্য রচনার মধ্যে রয়েছে চিলেকোঠার সেপাই (১৯৮৭), খোয়াবনামা (১৯৯৬) ইত্যাদি।

৬৬. রোহিণী-বিনোদিনী-কিরণময়ী কোন গ্রন্থগুচ্ছের চরিত্র?

ⓚ বিষবৃক্ষ-চতুরঙ্গ-চরিত্রহীন

ⓚh কৃষ্ণকান্তের উইল-যোগাযোগ-পথের দাবি

ⓖ দুর্গেশনন্দিনী-চোখের বালি-গৃহদাহ

ⓖh কৃষ্ণকান্তের উইল-চোখের বালি-চরিত্রহীন

(ব্যাখ্যা) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'কৃষ্ণকান্তের উইল'-এর প্রধান চরিত্রগুলো হলো ভ্রমর, রোহিণী, হরলাল ও গোবিন্দলাল; রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'চোখের বালি'র প্রধান চরিত্রগুলো হলো মহেন্দ্র ও বিনোদিনী; শরৎচন্দ্র চট্টোপাধ্যায় রচিত 'চরিত্রহীন'-এর প্রধান চরিত্রগুলো হলো সতীশ, সাবেত্রী, কিরণময়ী ও দিবাকর।

৬৭. 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে'–এ প্রার্থনাটি করেছে–

ⓚ ভাঁড়ুদত্ত ⓚh চাঁদ সওদাগর

ⓖ ঈশ্বরী পাটনী ⓖh নলকুবের

উত্তর

| | |
|---|---|
| ৫৮ | গ |
| ৫৯ | ক |
| ৬০ | খ |
| ৬১ | খ |
| ৬২ | ঘ |
| ৬৩ | খ |
| ৬৪ | গ |
| ৬৫ | গ |
| ৬৬ | ঘ |
| ৬৭ | গ |



visionApps10

(ব্যাখ্যা) অষ্টাদশ শতকের শ্রেষ্ঠ কবি ভারতচন্দ্র রায়গুণাকর (আনুমানিক ১৭০৭-১৭৬০ খ্রি.) রচিত 'অন্নদামঙ্গল' কাব্যে ঈশ্বরী পাটনী, হীরা মালিনী প্রভৃতি চরিত্র একান্ত বাস্তব হয়ে ফুটে উঠেছে। আলোচ্য উক্তিটির মাধ্যমে বাংলা সাহিত্যের অমর চরিত্র ঈশ্বরী পাটনী অন্নদা (চণ্ডী) দেবীর কাছে প্রার্থনা করেছিলেন।

**৬৮. 'ক্ম'-এর বিশ্লিষ্ট রূপ–**

ⓚ ক + ঘ ⓚ ক + ষ + ণ
ⓖ ক + ষ + ম ⓖ হ্ + ম

(ব্যাখ্যা) দুই বা তার চেয়ে বেশি ব্যঞ্জনধ্বনির মধ্যে কোনো স্বরধ্বনি না থাকলে সে ব্যঞ্জনধ্বনি দুটি বা ধ্বনি কয়টি একত্রে উচ্চারিত হয়। এরূপ যুক্ত ব্যঞ্জনধ্বনির দ্যোতনার জন্য দুটি বা অধিক ব্যঞ্জনবর্ণ একত্রিত হয়ে সংযুক্ত বর্ণ (Ligature) গঠিত হয়। 'হ্ম' এখানে এরূপ একটি সংযুক্ত বর্ণ। কারণ, হ্ + ম = হ্ম। উল্লেখ্য, ক + ষ = ক্ষ, ক + ষ + ণ = ক্ষ্ণ এবং ক + ষ + ম = ক্ষ্ম।

**৬৯. নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে–**

ⓚ কল্যাণীয়াসু ⓚ সুচরিতেষু
ⓖ শ্রদ্ধাস্পদাসু ⓖ প্রীতিভাজনেষু

(ব্যাখ্যা) পত্রের উপরাংশে বাম পাশে যাকে পত্র লেখা হয় তাকে যে সম্বোধন করে পত্রের মূল বক্তব্য আরম্ভ করা হয় তাকে সম্ভাষণ বলে। পত্র প্রাপকের শ্রেণীভেদে সম্ভাষণ বিভিন্ন রকম হয়ে থাকে। সাধারণত সম্বোধনে পুরুষের ক্ষেত্রে দোয়াবরেষু, দোয়াবর, কল্যাণবরেষু, কল্যাণীয়েষু, কল্যাণীয়বরেষু ইত্যাদি; নারীদের ক্ষেত্রে কল্যাণীয়াসু, কল্যাণবরেষু, পরম কল্যাণীয়াসু; বন্ধু-বান্ধবদের ক্ষেত্রে সুহৃদবরেষু, প্রিয়, প্রিয়বরেষু, প্রিয়বন্ধুবরেষু, প্রীতিভাজনেষু, সুচরিতেষু, সুচরিতাসু ইত্যাদি এবং গুরুজনদের ক্ষেত্রে শ্রদ্ধাভাজনেষু, শ্রদ্ধাস্পদেষু (পং), শ্রদ্ধাস্পদাসু (স্ত্রী) ইত্যাদি।

**৭০. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?**

ⓚ হিন্দি ⓚ উর্দু ⓖ পর্তুগীজ ⓖ গ্রিক

(ব্যাখ্যা) প্রশ্নে উল্লিখিত 'পেয়ারা' শব্দটি এভাবেই পর্তুগীজ ভাষা থেকে এসেছে। পর্তুগীজ ভাষা থেকে আগত এরূপ আরো কিছু শব্দ হলো আনারস, আলপিন, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, বালতি।

**৭১. সমার্থক শব্দগুচ্ছ সনাক্ত করুন–**

ⓚ দীর্ঘিকা, নদী, প্রণালী ⓚ শৈবলিনী, তরঙ্গিনী, সরিৎ
ⓖ গাঙ, তটিনী, অর্ণব ⓖ স্রোতস্বিনী, নির্ঝরিণী, সিন্ধু

(ব্যাখ্যা) কোনো শব্দের সম অর্থপূর্ণ অন্য শব্দই হলো প্রতিশব্দ বা সমার্থক শব্দ। এরূপ 'নদী'র সমার্থক শব্দ স্রোতস্বিনী, তটিনী, তরঙ্গিনী, প্রবাহিনী, শৈবলিনী, কল্লোলিনী, গাঙ।

**৭২. শুদ্ধ বানানের শব্দগুচ্ছ সনাক্ত করুন–**

ⓚ ভবিষ্যত, ভৌগলিক, যক্ষা ⓚ যশলাভ, সদ্যোজাত, সম্বর্ধনা
ⓖ স্বায়ত্তশাসন, আভ্যন্তর, জন্মবার্ষিক ⓖ ঐক্যতান, কেবলমাত্র, উপরোক্ত

(ব্যাখ্যা) উপরিল্লিখিত অশুদ্ধ শব্দগুলোর শুদ্ধ বানান হলো– ভবিষ্যত→ ভবিষ্যৎ, ভৌগলিক→ ভৌগোলিক, যক্ষা→যক্ষ্মা, আভ্যন্তর→ অভ্যন্তর, ঐক্যতান→ ঐকতান, কেবলমাত্র→ কেবল, উপরোক্ত→ উপর্যুক্ত। উল্লেখ্য, অন্য শব্দগুলো শুদ্ধ এবং 'জন্মবার্ষিক' শব্দের শব্দরূপ নেই।

**৭৩. 'প্রাতরাশ'-এর সন্ধি–**

ⓚ প্রাত + রাশ ⓚ প্রাতঃ + রাশ
ⓖ প্রাতঃ + আশ ⓖ প্রাত + আশ

(ব্যাখ্যা) 'প্রাতরাশ' শব্দটির অর্থ প্রাতর্ভোজন বা সকালের নাশতা। সংস্কৃত 'প্রাতঃ (=র)'-এর সাথে 'আশ' যুক্ত হয়ে প্রাতরাশ শব্দটি গঠিত।

**৭৪. যে পদে বাক্যের ক্রিয়াপদটির গুণ, প্রকৃতি, তীব্রতা ইত্যাদি প্রকৃতিগত অবস্থা বোঝায়, তাকে বলা হয়–**

ⓚ ক্রিয়াবাচক বিশেষ্য ⓚ ক্রিয়াবিশেষণ
ⓖ ক্রিয়াবিশেষ্যজাত বিশেষণ ⓖ ক্রিয়াবিভক্তি

(ব্যাখ্যা) ক্রিয়ার স্থান, কাল ও কারণাদির বৈশিষ্ট্য বা প্রকৃতিগত অবস্থা যেসব শব্দ দ্বারা প্রকাশিত হয় তাদের ক্রিয়া-বিশেষণ বলে। যেমন– ধীরে যাও, সুন্দর গায় ইত্যাদি। যে বিশেষ্য ক্রিয়ার কোনো নাম বোঝায় তাকে ক্রিয়াবাচক বিশেষ্য বলে। যেমন– খাওয়া, যাওয়া, গমন ইত্যাদি।

**৭৫. 'রামগরুড়ের ছানা' কথাটির অর্থ–**

ⓚ কাল্পনিক জন্তু ⓚ গোমড়ামুখো লোক
ⓖ মুরগি ⓖ পুরাণোক্ত পাখি

**৭৬. নিচের কোনটিতে বিরামচিহ্ন যথাযথভাবে ব্যবহৃত হয়নি?**

ⓚ ডিসেম্বর ১৬, ১৯৭১ ⓚ ২৬ মার্চ, ১৯৭১
ⓖ ঢাকা, ২১ ফেব্রুয়ারি ১৯৫২ ⓖ পয়লা বৈশাখ, চৌদ্দশো সাত

(ব্যাখ্যা) বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝানোর জন্য বাক্যের মধ্যে বা শেষে বিভিন্ন বিরাম বা যতিচিহ্ন ব্যবহৃত হয়। এরকম একটি গুরুত্বপূর্ণ চিহ্ন হলো 'কমা' বা 'পাদচ্ছেদ' (,)। বাক্যে 'কমা' বসানোর বিভিন্ন নিয়মের মধ্যে একটি নিয়ম হলো মাসের তারিখ লিখতে বার ও মাসের পর 'কমা' বসাতে হয়। সুতরাং (গ) উত্তরটিতেই যথাযথ বিরাম চিহ্ন ব্যবহৃত হয়নি।

**৭৭. 'বামেতর' শব্দটির অর্থ–**

ⓚ বামচোখ ⓚ ডান ⓖ ইতর ⓖ বাম দিক

**৭৮. প্রথম বাংলা 'থিসরাস' বা সমার্থক শব্দের অভিধান সংকলন করেছেন–**

ⓚ অশোক মুখোপাধ্যায় ⓚ জগন্নাত চক্রবর্তী
ⓖ মুহাম্মদ হাবিবুর রহমান ⓖ মুহম্মদ শহীদুল্লাহ

(ব্যাখ্যা) ড. মুহম্মদ শহীদুল্লাহ (১৮৮৫-১৯৬৯ খ্রি.) 'বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান' (দুই খণ্ড) সম্পাদনা করেন, যা তার জীবনের প্রথম একটি কাজ।

**৭৯. 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ–**

ⓚ তীরে পৌঁছার ঝক্কি ⓚ সঞ্চয়ের প্রবৃত্তি
ⓖ মুমূর্ষু অবস্থা ⓖ আসন্ন বিপদ

(ব্যাখ্যা) 'নিরানব্বইয়ের ধাক্কা' বাগধারাটির অর্থ টাকা জমানোর লোভ, অর্থাৎ সঞ্চয়ের প্রবৃত্তি। [সূত্র বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান]

**৮০. যে সমাসের ব্যাসবাক্য হয় না, কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে বলা হয়–**

ⓚ দ্বন্দ্ব সমাস ⓚ অব্যয়ীভাব সমাস
ⓖ কর্মধারয় সমাস ⓖ নিত্য সমাস

**উত্তর**

| | |
|---|---|
| ৬৮ | ঘ |
| ৬৯ | ক |
| ৭০ | গ |
| ৭১ | খ |
| ৭২ | খ |
| ৭৩ | গ |
| ৭৪ | খ |
| ৭৫ | খ |
| ৭৬ | গ |
| ৭৭ | খ |
| ৭৮ | ক |
| ৭৯ | খ |
| ৮০ | ঘ |

(ব্যাখ্যা) যে সমাসে সমস্যমান পদগুলো সংযোজক অব্যয় দ্বারা যুক্ত থাকে এবং পূর্বপদ ও পরপদ উভয়ের অর্থই প্রাধান্য পায়, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন– দোয়াত ও কলম = দোয়াত-কলম, কাঁচা ও পাকা = কাঁচা-পাকা ইত্যাদি। অব্যয় পদ পূর্বে বসে যে সমাস পূর্বপদের অর্থ প্রাধান্য পায়, তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন– কূলের সমীপে = উপকূল, আমিষের অভাব = নিরামিষ ইত্যাদি। আবার, যে সমাসে প্রথম পদটি দ্বিতীয় পদের বিশেষণরূপে অবস্থান করে এবং সমস্তপদে পরপদ তথা দ্বিতীয় পদের অর্থ প্রাধান্য থাকে, তাকে কর্মধারয় সমাস বলে। যেমন– নীল যে আকাশ = নীলাকাশ।

**৮১. Complete the following sentence.**
**If I had known you were coming—**
ⓐ I would go to the station.
ⓑ I had gone to the station.
ⓒ I would have gone to the station.
ⓓ I would be going to the station.

(ব্যাখ্যা) *Conditional sentence-এর নিয়মানুযায়ী If + past perfect + would have/ could have/might have হয়। যেহেতু main clause-এ past perfect tense হয়েছে তাই subordinate clause-এ would have ব্যবহার করতে হবে। এ প্রেক্ষিতে (গ) উত্তরটিই ঠিক।*

**৮২. Choose the correct option :**
**Even as harvesting was going on—**
ⓐ the rainy season began.
ⓑ the rainy season was began.
ⓒ the rainy season had began.
ⓓ the rainy season begins.

(ব্যাখ্যা) *বাক্যে prinipal clause এবং subordinate clause একই tense-এর হওয়া বাঞ্ছনীয়। এক্ষেত্রে choice 'খ'-তে passive form হলেও verb টি ভুল, তা begun হওয়া উচিত ছিল। choice 'গ'-তে had এরপর begun (p. participle) হওয়া আবশ্যক। choice 'ঘ'-তে present tense ব্যবহার করা হয়েছে। কিন্তু choice 'ক'-তে যথাযথভাবে tense-এর ব্যবহার হয়েছে। সুতরাং choice 'ক' সঠিক।*

**৮৩. Which phrase contains words opposed to each other in meaning?**
ⓐ Hopes and aspiration.
ⓑ Heat and dust.
ⓒ Reproduction and death.
ⓓ Emerged and advanced.

(ব্যাখ্যা) *choice 'ক' তে Hope প্রত্যাশা এবং aspiration আকাঙ্ক্ষা বা উচ্চাশার সমার্থক। choice 'খ'-তে Heat অর্থ উত্তাপ বা তাপ দেয়া এবং dust অর্থ হলো ময়লা। সুতরাং এরা সম্পর্কহীন। choice 'গ' তে Reproduction অর্থ পুনরুৎপাদন বা জন্মদান আর death অর্থ হলো মৃত্যু। সুতরাং এরা পরস্পর বিপরীত অর্থবোধক (opposed to each other in meaning). choice 'ঘ'-তে emerged অর্থ হলো উদ্ভূত, প্রকাশিত আর advanced অর্থ অগ্রবর্তী। এদের মধ্যেও তেমন কোনো অর্থগত সম্পর্ক নেই। সুতরাং choice 'গ'-ই সঠিক।*

**৮৪. Find out the correct translation.**
**সকাল থেকে গুড়ি গুড়ি বৃষ্টি হচ্ছে।**
ⓐ It is raining from morning.
ⓑ It has been raining from morning.
ⓒ It has been drizzling since morning.
ⓓ It is drizzling sicne morning.

(ব্যাখ্যা) *প্রথমত বাক্যটি হবে present perfect continious tense-এ এবং verb টি হবে drizzling এবং এক্ষেত্রে যেহেতু point of time নির্দেশ করছে তাই since হবে। তাই choice 'গ' সঠিক।*

**৮৫. Maiden speech means—**
ⓐ First speech ⓑ Last speech
ⓒ Late speech ⓓ Early speech

(ব্যাখ্যা) *Maiden অর্থ হলো কুমারী, যার অন্য অর্থ হলো সর্বপ্রথম। এ প্রেক্ষিতে choice 'ক'-ই অধিক সঠিক। কারণ সংসদ সদস্যদের প্রথম বক্তৃতাকেই বলা হয় Maiden speech.*

**৮৬. A person whose 'head' is in the clouds is—**
ⓐ proud ⓑ a day dreamer
ⓒ an aviator ⓓ useless.

(ব্যাখ্যা) *(have ones) head in the clouds—অর্থ হলো দিবাস্বপ্নে বিভোর বা অলীক কল্পনায় মগ্ন। প্রশ্নের (ক)-তে proud অর্থ হলো গর্বিত; 'গ'-তে an aviator অর্থ হলো বৈমানিক এবং 'ঘ'-তে useless অর্থ হলো যা কোনো কাজে লাগে না। আর choice 'খ'-তে a day dreamer অর্থ হলো দিবাস্বপ্নচারী এবং এটি অর্থগতভাবে phrase টির সাথে বেশি মিলে। তাই choice 'খ'-ই সঠিক।*

**৮৭. Identify the correct sentence**
ⓐ she had faith in and hopes for the future.
ⓑ She had faith and hopes for the future.
ⓒ she had faith and hopes in the future.
ⓓ she had faith and hopes in future.

(ব্যাখ্যা) *Sentence-গুলোতে preposition-এর ব্যবহারই মূল factor। Faith এবং hope-এ দুটি noun একত্রে in অথবা for preposition সহ ব্যবহৃত হলে অর্থ যথার্থ হয় না। বরং faith in অর্থ হলো কোনো কিছুতে বিশ্বাস রাখা। অন্যদিকে hope for এর অর্থ হলো– কোনো বিষয়ে আশা প্রকাশ করা। সুতরাং (ক)-ই সঠিক।*

**৮৮. Choose the correct tense—**
ⓐ Javed was so exhausted that he lain down for a sleep.
ⓑ Javed was so exhausted that he had laid down for a sleep.
ⓒ Javed was so exhausted that he was lying down for a sleep.
ⓓ Javed was so exhausted that he will lay down for a sleep.

(ব্যাখ্যা) *উপরের বাক্যগুলোতে দুটি করে past tense-এর clause রয়েছে, যা that দ্বারা যুক্ত হয়েছে। সুতরাং উভয় clause একই tense-এর হবে। এখানে উত্তর 'ক'-তে 'lie' verb-এর*

উত্তর

| | |
|---|---|
| ৮১ | গ |
| ৮২ | ক |
| ৮৩ | গ |
| ৮৪ | গ |
| ৮৫ | ক |
| ৮৬ | খ |
| ৮৭ | ক |
| ৮৮ | গ |

 Boighar.com

past participle— lain ব্যবহার করা হলেও তাতে lain-এর পূর্বে যথাযথ have verb (had) বসানো হয়নি। উত্তর 'খ'-তে laid down ব্যবহার করা হয়েছে। যার অর্থ হলো ডিম পাড়া বা কোথাও কিছু রাখা (lay)। সুতরাং এর সাথে sleeping-এর কোনো সম্পর্ক নেই। উত্তর 'ঘ' তে tense-এর ভুল ব্যবহার এবং verb-এর যথাযথ ব্যবহার হয়নি। তাই উত্তর 'গ'-ই সঠিক, যেখানে উভয় ক্ষেত্রেই যথাযথভাবে past tense এবং 'lie' verb এর যথাযথ রূপ ব্যবহৃত হয়েছে।

**৮৯. A synonym for 'resentment' is—**

ⓚ fear ⓚ anger
ⓖ indignation ⓖ panic

(ব্যাখ্যা) মূলশব্দ 'resentment অর্থ হলো রাগ, বিরক্তি, ক্ষোভ; fear—ভয়; anger—রাগ, ক্ষোভ; Indignation—(অবিচারহেতু) ক্ষোভ, রোষ ইত্যাদি; panic—আতংক। এখানে 'খ' এবং 'গ' কাছাকাছি হলেও 'খ' অধিকতর সঠিক উত্তর।

**৯০. The captain left the boat, because it—**

ⓚ turned down ⓖ turned up
ⓖ turned bottom ⓖ turned over.

(ব্যাখ্যা) এখানে, Turned down—প্রত্যাখ্যান করা। Turned up—আগমন করা, উপস্থিত হওয়া। Turned bottom—এ জাতীয় phrase-এর সন্ধান বিরল। Turn over—উল্টে যাওয়া, পাশ ফেরা। সুতরাং 'ঘ'-ই সঠিক উত্তর।

**৯১. One should be careful about —duty.**

ⓚ his ⓚ her ⓖ one's ⓖ the

(ব্যাখ্যা) এখানে one শব্দটির possessive pronoun হচ্ছে 'one's। অবশ্য his ব্যবহার করলেও পুরোপুরি অশুদ্ধ হবে না। তবে one's ব্যবহার করাই অধিকতর শুদ্ধ।

**৯২. Three fourths of the work —finished.**

ⓚ have been ⓚ had ⓖ has been ⓖ were

(ব্যাখ্যা) Plural নব যুক্ত Fraction (ভগ্নাংশ)-এর পর uncountable noun থাকলে verb singular হয়। তাই সঠিক উত্তর হবে ⓖ।

**৯৩. We waited until the plane—**

ⓚ did not take off ⓚ took off
ⓖ had not taken off ⓖ had taken off

(ব্যাখ্যা) এখানে until দ্বারা দুটি clause যুক্ত হয়েছে যার principal clause টি past indifinite tense-এর। অতএব নিয়মানুযায়ী subordinate clause টিও past tense-এ হওয়া বাঞ্ছনীয়। এক্ষেত্রে 'ক' এবং 'গ' ভুল, কারণ until নিজেই negative হওয়ায় তারপর কোনো negative expression ঠিক নয়। তাছাড়া 'গ' এবং 'ঘ'-তে perfect tense থাকায় 'খ' উত্তরটিই সঠিক।

**৯৪. I spent — with the patient.**

ⓚ sometimes ⓚ sometime
ⓖ some time ⓖ some times

(ব্যাখ্যা) sometimes—প্রায়ই, মাঝে মধ্যে, sometime—ভবিষ্যতে কোনো এক সময়, some time—কিছু সময়, খানিকটা সময়, some times—এর ব্যবহার ভুল। সুতরাং 'গ' (some time) উত্তরটি সঠিক।

**৯৫. Choose the correct sentence.**

ⓚ Rahim ate almost the whole fish.
ⓚ Rahim almost ate the whole fish.
ⓖ Almost Rahim ate whole fish.
ⓖ Rahim ate the whole fish almost.

(ব্যাখ্যা) এখানে almost একটি adverb যা কোনো verb, adjective-এর পূর্বে বসে তার দোষ-গুণ প্রকাশ করে। এ প্রেক্ষিতে 'গ' এবং 'ঘ' ভুল। এবার খ-তে almost ate অর্থাৎ 'প্রায় খেল' একটি ভুল Impression। উত্তর 'ক'-তে 'ate almost the whole fish' (প্রায় সম্পূর্ণ মাছটি খেল)—এটি যথার্থ অর্থবোধক। তাই এটিই সঠিক।

**৯৬. Choose the right preposition for the sentence.**
**She argued — me about the marriage.**

ⓚ with ⓚ for ⓖ to ⓖ from

(ব্যাখ্যা) Argue with somebody অর্থাৎ কারো সাথে মতের অমিল। আর Argue for something অর্থাৎ কোনো বস্তুর ব্যাপারে মতামত বা যুক্তি প্রদর্শন। এখানে যেহেতু gap এরপর me রয়েছে তাই with বসানো যৌক্তিক। সুতরাং 'ক' সঠিক উত্তর।

**৯৭. Choose the right preposition for the sentence.**
**I count ... your help.**

ⓚ after ⓚ upon ⓖ for ⓖ with

(ব্যাখ্যা) count after এবং count with বলে কোনো phrase নেই। count upon— নির্ভর করা, বিশ্বাস করা যে, কোনো কিছু ঘটবেই। Count for- গুরুত্বপূর্ণ বলে বিবেচনা করা। সুতরাং দুটির মধ্যে count upon অর্থাৎ 'খ' সঠিক।

**৯৮. Identify the correct passive form—**
**Open the window.**

ⓚ The window shoud be opened.
ⓚ Let the window be opened.
ⓖ Let the window be opened by you.
ⓖ The window must be opened.

(ব্যাখ্যা) Imperative sentence-এর ক্ষেত্রে passive voice করার স্বাভাবিক নিয়ম হলো let + মূল বাক্যের object + be + v (p.p) এ structure অনুযায়ী সঠিক উত্তরটি হলো 'খ'।

**৯৯. Choose the appropriate meaning of the idiom 'swan song.'**

ⓚ First work ⓚ Last work
ⓖ Middle work ⓖ Early work.

(ব্যাখ্যা) swan-song —অন্তিম গীত, শেষ কৃত্য, শেষ কর্ম। সে অর্থে 'খ' সঠিক উত্তর।

**১০০. Complete the sentence —**
**Trees have — off their leaves.**

ⓚ thrown ⓚ fallen ⓖ cast ⓖ put

(ব্যাখ্যা) Appropriate use of word হিসাবে গাছের পাতা ঝরা- বোঝাতে cast off ব্যবহৃত হয়। সুতরাং 'গ' সঠিক।

উত্তর

| | |
|---|---|
| ৮৯ | খ |
| ৯০ | ঘ |
| ৯১ | গ |
| ৯২ | গ |
| ৯৩ | খ |
| ৯৪ | গ |
| ৯৫ | ক |
| ৯৬ | ক |
| ৯৭ | খ |
| ৯৮ | খ |
| ৯৯ | খ |
| ১০০ | গ |

www.boighar.com
VisionApps10